

# শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি দুই দিন করার চিন্তা

**দীপু মনি** *শিক্ষামন্ত্রী*

বিদ্যুৎ সাশ্রয়ের জন্য দেশের শিক্ষা প্রতিষ্ঠানে সাপ্তাহিক ছুটি দুই দিন করার কথা ভাবা হচ্ছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী দীপু মনি। গতকাল শুক্রবার রাজধানীতে এক অনুষ্ঠানে সাংবাদিকের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ কথা বলেন। দীপু মনি বলেন, বিদ্যুৎ সাশ্রয়ের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে সাপ্তাহিক ছুটি দুদিন করা যায় কি না,

■ এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

# শিক্ষা প্রতিষ্ঠানে

**(প্রথম পৃষ্ঠার পর)** তা ভেবে দেখা হচ্ছে। তবে এ মুহূর্তেই কোনো সিদ্ধান্তের কথা বলা যাচ্ছে না। হয়তো শিগগিরই সিদ্ধান্ত জানানো যাবে। আগে ঘোষণা করা হয়েছিল, নতুন শিক্ষাক্রম অনুযায়ী আগামী বছর থেকে সব শিক্ষা প্রতিষ্ঠানে সাপ্তাহিক ছুটি দুই দিন হবে। সম্প্রতি শিক্ষামন্ত্রী এক অনুষ্ঠানে এ কথা বলেছিলেন। এখন বিদ্যুৎ সাশ্রয়ের জন্য শিগগিরই শিক্ষা প্রতিষ্ঠানে সাপ্তাহিক ছুটি দুদিন করার কথা ভাবা হচ্ছে বলে জানান শিক্ষামন্ত্রী।

দেশের বিশ্ববিদ্যালয়গুলোয় মূলত এখন দুদিন সাপ্তাহিক ছুটি আছে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের কোনো কোনো শিক্ষা প্রতিষ্ঠানে সাপ্তাহিক ছুটি দুদিন। তবে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী সাপ্তাহিক ছুটি একদিন। এ জন্য বর্তমানে প্রাথমিক ও মাধ্যমিকের বেশির ভাগ বিদ্যালয়ে একদিন সাপ্তাহিক ছুটি থাকে।

● **নিজস্ব প্রতিবেদক**